**প্রেস বিজ্ঞপ্তি**

**জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ**

**বিভিন্ন অপরাধে ৪৯টি প্রতিষ্ঠানকে ২.৭১ লক্ষ টাকা জরিমানা**

১৮ জুলাই ২০১৭ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগ ও জেলা কার্যালয়ের ১২ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, রাজশাহী, ভোলা, খুলনা, যশোর, মৌলভীবাজার, ঝালকাঠি, সিলেট, বরগুনা ও চট্টগ্রামে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনী কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে চাঁদপুর হোটেল ও ক্যাফে নূর মদিনা এন্ড কাবাব গার্ডেনকে যথাক্রমে **১০,০০০/- (দশ হাজার)** টাকা ও **২০,০০০/- (বিশ হাজার)** টাকাসহ মোট **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমানের নেতৃত্বে ঢাকা মহানগরীর দক্ষিণ খান এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে আমিন হোটেল এন্ড রেস্টুরেন্টকে **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা ও এয়ারপোর্ট এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে মদিনা হোটেল এন্ড রেস্টুরেন্ট ও ওয়ান্ডার ইন রেস্টুরেন্টকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা করে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকাসহ মোট **৫৫,০০০/- (পঞ্চান্ন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

রাজশাহী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৭,৫০০/- (সাত হাজার পাঁচশত)** টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ মহিউদ্দীন মিরাজের নেতৃত্বে ভোলার বোরহান উদ্দিন উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত)** টাকা, খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে খুলনা মহানগর এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **৩৭,০০০/- (সাঁইত্রিশ হাজার)** টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: সোহেল শেখের নেতৃত্বে যশোর সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আল-আমিনের নেতৃত্বে মৌলভীবাজারের শ্রীমঙ্গল উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকা, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠি সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১,০০০/- (এক হাজার)** টাকা, সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্যাহ এর নেতৃত্বে সিলেটের কোতয়ালী থানা এলাকায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সিলেটের বালাগঞ্জ উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, বরগুনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে বরগুনা সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত)** টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে চট্টগ্রামের হাটহাজারী উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার)** টাকাসহ মোট **১,২৬,৫০০/- (এক লক্ষ ছাব্বিশ হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, পণ্যের নকল প্রস্তুত বা উৎপাদন, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে মানিপুরা রেস্টুরেন্টকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা এবং মিথ্যা বা হয়রানিমূলক মামলা দায়েরের অপরাধে আব্দুল্লাহ আল মনসুরকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **১৫,০০০/- (পনের হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক শাহনাজ সুলতানা কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে হাই কেয়ার জেনারেল হসপিটাল লি: কে **১,০০০/- (এক হাজার)** টাকা এবং ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ফুডস ক্লাব মোল্লাকে **১,৫০০/- (এক হাজার পাঁচশত)** টাকাসহ মোট **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৬২৫/- (ছয়শত পঁচিশ)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে মীনা বাজার ও আগুরাকে যথাক্রমে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও **১৫,০০০/- (পনের হাজার)** টাকাসহ মোট **২০,০০০/- (বিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা প্রদান করা হয়।

ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শাহ আলম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ৪টি প্রতিষ্ঠানকে **১৯,০০০/- (উনিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৪ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৪,৭৫০/- (চার হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শরীফুল ইসলাম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ডিংগী ফাস্ট ফুডকে **১,০০০/- (এক হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২৫০/- (দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মো: হাসান-আল-মারুফ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে রহমানস বার বি কিউ এন্ড ফাস্ট ফুডকে **২,০০০/- (দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫০০/- (পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

আজকের **১২টি** বাজার তদারকির ও **১২টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৪৯টি** প্রতিষ্ঠানকে মোট **২,৭১,০০০/- (দুই লক্ষ একাত্তর হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **১১ জন** অভিযোগকারীকে মং **১৩,৬২৫/- (তের হাজার ছয়শত পঁচিশ)** টাকা প্রদান করা হয়। গত ১৭ জুলাই ২০১৭ তারিখে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ৩টি প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৩ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,৭৫০/- (দুই হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।


স্বাক্ষরিত/-<br>
(রিনা বেগম)<br>
সহকারী পরিচালক (কার্যক্রম)<br>
ফোনঃ ০২-৮১৮৯৪১১<br>
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd


**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, রাজশাহী, ভোলা, খুলনা, যশোর, মৌলভীবাজার, ঝালকাঠি, সিলেট, বরগুনা ও চট্টগ্রাম।
৭। পুলিশ সুপার, ঢাকা, রাজশাহী, ভোলা, খুলনা, যশোর, মৌলভীবাজার, ঝালকাঠি, সিলেট, বরগুনা ও চট্টগ্রাম।
৮। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।